গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন বিষয়ে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | সৈয়দ বেলাল হোসেন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১১:০০ টা |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফরম |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল) কে অনুরোধ করা হলে নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করা হয়:

**১.০ আলোচ্য বিষয়ঃ** সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন।

**১.১ আলোচনাঃ** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৩ কার্যক্রমের আওতায় সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন করার উপর বিস্তারিত আলোচনা করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনাপূর্বক দেখা যায় ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ২৮ আগস্ট ২০২২ তারিখে হালনাগাদ করা হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ০৭ এপ্রিল ২০২২ তারিখে হালনাগাদ করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ২৮ জুন ২০২২ তারিখে হালনাগাদ করা হয়েছে। কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ৩০ জুন ২০২২ তারিখে হালনাগাদ করা হয়েছে, তবে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত/হালনাগাদের সময় মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী কিছু কিছু ক্ষেত্রে ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত/হালনাগাদের সময় জিআরএস অংশসহ মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুসরণ করার বিষয়ে বিশদ আলোচনা হয়। সভায় স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে সেবা অধিকতর সহজিকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবী, যোগাযোগ নম্বরসহ সকল বিষয় হালনাগাদ করার জন্য অধিকতর গুরুত্বআরোপ করা হয়। সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় সকল সভা আয়োজনের নিমিত্ত পৃথকভাবে একটি কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক মতামত প্রদান করা হয়।

**১.২ সিদ্ধান্তঃ**

(ক) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত/হালনাগাদের সময় জিআরএস অংশসহ সকল ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হ্যান্ডবুক অনুসরণ করা;

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে সেবা অধিকতর সহজিকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবী, যোগযোগ নম্বরসহ সকল বিষয় হালনাগাদ করার জন্য অধিকতর গুরুত্বআরোপ করা;

(গ) অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় সকল সভা আয়োজনের নিমিত্ত পৃথকভাবে কর্মপরিকল্পনা প্রণয়ন;

(ঘ) সকল ধরণের সভা অনুষ্ঠিত হওয়ার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সভার কার্যবিবরণী প্রস্তুত করা।

**২.০ আলোচ্য বিষয়ঃ** বিবিধ।

**২.১ আলোচনাঃ** সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২.২ কার্যক্রমের আওতায় স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভায় স্ব স্ব অফিসের অধীন অফিসের কর্মকর্তা/কর্মচারীসহ সাধারণ সেবা প্রত্যাশি নাগরিকদের অধিকতর আমন্ত্রণপূর্বক সাধারণ সেবা প্রত্যাশিদের মতামত/বক্তব্য গ্রহণের বিষয়ে সভাপতি সভায় উপস্থিত অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের আহবান জানান। সভায় উপস্থিত সদস্যবৃন্দ অধিদপ্তরসমূহের স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভায় সুরক্ষা সেবা বিভাগের একজন প্রতিনিধি রাখার বিষয়ে একমত প্রকাশ করেন।

**২.২ সিদ্ধান্তঃ**

(ক) অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২.২ কার্যক্রমের আওতায় স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভায় সাধারণ সেবা প্রত্যাশি নাগরিকদের অধিকতর আমন্ত্রণ জানানোর ব্যবস্থা গ্রহণ করা;

(খ) স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভায় সুরক্ষা সেবা বিভাগের একজন প্রতিনিধির উপস্থিতি থাকার নিমিত্ত সকল অধিদপ্তর কর্তৃক অনুরোধপত্র প্রেরণ করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সৈয়দ বেলাল হোসেন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.১৭০ তারিখ: ৪ আশ্বিন ১৪২৯

১৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ (সভার সিদ্ধান্ত মোতাবেক স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ ও কার্যকর করার অনুরোধসহ)

৩) যুগ্মসচিব (সংযুক্ত), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৪) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মোঃ আইয়ুব হোসেন
প্রোগ্রামার